বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট নং- ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
Web: www.ugc.gov.bd

পোস্ট ডক্টোরাল ফেলোশীপে যোগদানের শর্তাবলী

(ক) মনোনীত শিক্ষকগণকে আগামী ২৮/০২/২০১৯ তারিখের মধ্যে স্ব স্ব বিশ্ববিদ্যালয় হতে ডেপুটেশন/শিক্ষাছুটিসহ ফেলোশীপ প্রোগ্রামে যোগদান করতে হবে। যোগদানের তারিখ থেকে ফেলোশীপ কার্যকর হবে;

(খ) ফেলোশীপে যোগদানের সময় রেজিস্ট্রার ও সুপারভাইজারের প্রতিস্বাক্ষরসহ এতদ্‌সঙ্গে সংযুক্ত Terms and Condition এ স্বাক্ষর করে কমিশনে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে;

(গ) গবেষককে অবশ্যই পূর্ণকালীন গবেষক হিসাবে গবেষণা কর্ম সম্পাদন করতে হবে;

(ঘ) স্টাডিপ্লান, গবেষণা শিরোনাম বা সুপারভাইজার পরিবর্তনের প্রয়োজন হলে কমিশনের পূর্বানুমতি গ্রহণ করতে হবে;

(ঙ) গবেষক বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পূর্বানুমতি ছাড়া কোন ক্রমেই গবেষণা বিরতি বা কর্মস্থলে যোগদান করতে পারবেন না;

(চ) কমিশনের অনুমতি ব্যতিরেকে গবেষক এ গবেষণা কাজের জন্য অন্য কোন সংস্থা/সূত্র থেকে আর্থিক অনুদান বা বৃত্তি ভোগ করতে পারবেন না;

(ছ) গবেষক তাঁর নিজস্ব কর্মস্থলে যোগদান করলে তিনি আর ফেলোশিপ ভাতা পাবেন না;

(জ) গবেষককে নির্দিষ্ট সময়ে রিপোর্ট জমা দিতে হবে। অন্যথায় কমিশনের নিয়মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঝ) গবেষককে একমাসের বেশী সময়ের জন্য বিদেশে যেতে হলে কমিশনের পূর্বানুমতি প্রয়োজন হবে;

(ঞ) ফেলোশীপের টাকা দুই কিস্তিতে রেজিস্ট্রার বরাবরে ছাড় করা হবে। ফেলোশীপে যোগদানের পর ছয় মাসের টাকা গবেষণা কাজের অর্ধ-বার্ষিক অগ্রগতির উপর সুপারভাইজারের সুপারিশের ভিত্তিতে ছাড় করা হবে এবং বাকী ছয় মাসের টাকা চূড়ান্ত প্রতিবেদন কমিশনে জমা দেয়ার পর বিশেষজ্ঞ মতামতের উপর ভিত্তি করে ছাড় করা হবে ;

(ট) ফেলো যে বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউটে গবেষণা কাজ করতে চান ফেলোশীপের টাকা সে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার/ পরিচালক বরাবর ছাড় করা হবে। রেজিস্ট্রার/পরিচালক সংশ্লিষ্ট সুপারভাইজারের সুপারিশের মাধ্যমে মাসিক ভিত্তিতে ফেলোর নামে চেক ইস্যু করবেন;

(ঠ) গবেষণা কাজের চূড়ান্ত প্রতিবেদন কমিশনের একজন পূর্ণকালীন সদস্যের নেতৃত্বে তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি দ্বারা মূল্যায়িত হবে। মূল্যায়ন কমিটির পরামর্শ মোতাবেক গবেষককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।